

## মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

চট্টগ্রাম

স্মারক নম্বর : ২৮.০৩.০০০০.৫০১.০৩.০১৬.২০-১৬১

তারিখ : ০১-০৩-২০২০

### বিজ্ঞপ্তি

বিষয় : কর্মকর্তাদের ACR ফরম পূরণ প্রসঙ্গে।

সংস্থার পত্র নম্বর ২৮.০৩.০০০০.০১০.০৪.০৩৯.২০/৩১ তারিখ ১৭-০২-২০২০ এর প্রেক্ষিতে কোম্পানির কর্মকর্তাদেরকে বিপিসি কর্তৃক প্রণীত বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম পূরণ করা আবশ্যিক করা হয়েছে, যা ২০১৯ সন হতে কার্যকর। বর্ণিত ACR ফরম কোম্পানির ওয়েব সাইটে পিডিএফ আকারে সন্নিবেশিত আছে এবং তা ডাউনলোড করে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে ২ প্রস্থ/সেট স্বহস্তে পূরণ করতে হবে। যে সকল কর্মকর্তা ইতিমধ্যে কোম্পানির পুরাতন ACR ফরম পূরণ করেছেন তাদেরকেও নির্ধারিত তারিখের মধ্যে নতুন ACR ফরম দাখিল করতে হবে। নিম্নে উল্লেখিত তারিখের মধ্যে ACR ফরম দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক ২ প্রস্থ মানব সম্পদ বিভাগে প্রেরণের অনুরোধ করা যাচ্ছে :

| বিষয়         | নির্ধারিত সময়  |
|---------------|-----------------|
| দাখিল         | ২৫ মার্চ, ২০২০  |
| অনুস্বাক্ষর   | ০৫ এপ্রিল, ২০২০ |
| প্রতিস্বাক্ষর | ২০ এপ্রিল, ২০২০ |

২। ACR ফরম পূরণকালীন নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণীয় :

২.১। ACR ফরমে ১ম অংশ (স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন) কোম্পানির মেডিকেল অফিসার/মেডিকেল রিটেইনার পূরণ করবেন।

২.২। ACR ফরমে ২য় অংশ (জীবন বৃত্তান্ত) অনুবেদনাধীন কর্মকর্তা স্বহস্তে পূরণ করবেন।

২.৩। ACR ফরমে ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ অংশ অনুবেদনকারী কর্মকর্তা পূরণ করবেন।

৩। ফরম পূরণকালীন সময়ে সংশ্লিষ্ট সকলকে পৃষ্ঠা নং-৭ ও ৮ এ প্রদত্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের অনুরোধ করা হ'ল। ফরমের ৩য় ও ৪র্থ অংশ পূরণকালীন সময়ে কর্মকর্তাদের দক্ষতা যথাযথভাবে মূল্যায়ন আবশ্যিক। কোম্পানিতে একই খেঁড়ে কর্মরত কর্মকর্তাদের মধ্যে সামঞ্জস্যতা রক্ষণ আবশ্যিক বিধায় অতিমূল্যায়ন/অবমূল্যায়নের বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে। অনুবেদনাধীন কোন কর্মকর্তার অসাধারণ/অতিউত্তম গুণাবলী/দক্ষতা কিংবা অদক্ষতা/দূর্বলতা/ জরুরী ভিত্তিতে সংশোধনযোগ্য কোন বিষয় থাকলে তা ACR এ উল্লেখ করা বাঞ্ছনীয়।

সংশ্লিষ্ট সকলকে প্রণীত ACR ফরম ও এর অনুসরণীয় নির্দেশনাবলী যথাযথভাবে প্রতিপালনের অনুরোধ করা যাচ্ছে।



(মোঃ আকতার হোসেন)

জেনারেল ম্যানেজার (এইচ আর)